

খসড়া বিজ্ঞপ্তি
জৈববৈচিত্র্যের ঐতিহ্যবাহী স্থান

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জৈববৈচিত্র্য আইন ২০০২ এর অধীনে ধারা নং ৩৭ (১) অনুযায়ী ত্রিপুরা সরকার নিম্নলিখিত ৫(পাঁচ) টি গুরুত্বপূর্ণ স্থানকে জৈববৈচিত্র্যের ঐতিহ্যবাহী স্থান হিসাবে নথিভুক্ত করার সিদ্ধান্ত গ্রহন করেন:

১. বড়মুড়া জলপ্রপাত (তেলিয়ামুড়া ব্লক, খোয়াই ত্রিপুরা)
২. উনকোটি (গৌরনগর ব্লক, উনকোটি ত্রিপুরা)
৩. শিলাছড়ি গুহা (করবুক ব্লক, গোমতী ত্রিপুরা)
৪. দেববাড়ী বা ছবিমুড়া (অমরপুর ব্লক, গোমতী ত্রিপুরা)
৫. বেটলিংশিব ও তার আশপাশ অঞ্চল (জম্পুইহিল ব্লক, উত্তর ত্রিপুরা)

উক্ত স্থানগুলিকে জৈববৈচিত্র্য ঐতিহ্যবাহী স্থান হিসাবে ঘোষণা করা হয়েছে নিম্নলিখিত এই মুখ্য উদ্দেশ্যগুলি অনুসরণ করে:

১. উল্লিখিত এলাকায় পর্যটকদের সংখ্যা বৃদ্ধি করে পর্যটনের সাথে অন্যভাবে জীবিকা নির্বাহের প্রচার।
২. এই এলাকায় জৈববৈচিত্র্যের সংরক্ষনের জোরদার প্রচেষ্টা করা এবং ঐ এলাকার বর্তমান জৈববৈচিত্র্যের জন্য ক্ষতি কমানোর প্রচেষ্টা করা।
৩. রাজ্যের লাল তালিকা ভুক্ত/ বিপন্ন এবং বিলুপ্তির পথে যাওয়া উদ্ভিদ ও প্রাণীকূলকে রক্ষা করা।
৪. এলাকার ইকোসিস্টেম পরিষেবাগুলির সংরক্ষন করা।
৫. জৈব সম্পদগুলি টেকসই পদ্ধতিতে ব্যবহার করে স্থানীয় সম্প্রদায়ের জন্য জীবিকা নির্বাহের ব্যবস্থা করা।
৬. জৈববৈচিত্র্য আইন, ২০০২ এর ধারা নং ৩৭ (১) মেনে চলা।

এই সিদ্ধান্তটির খসড়া বিজ্ঞপ্তি নং F.No. 24(4-3)/HER SITE/For-TBB/2009-10/670-754 এবং খসড়া সিদ্ধান্তটি 29.06.2022 ইং তারিখে প্রকাশিত হয়েছে। উক্ত খসড়া বিজ্ঞপ্তি সম্পর্কে কাহারো কোনো অভিমত/মন্তব্য থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়া তারিখের ৩০ দিনের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করিবেন।

FOREST DEPARTMENT
Tripura Biodiversity Board
Aranya Bhawan, Gurkhabasti
Agartala, West Tripura
Pin- 799006
Mobile- 8259891830
Land Line-03813510097

ত্রিপুরা জৈববৈচিত্র্য পর্ষদ
কতৃপক্ষ